গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ৮৭ তারিখ ১ মাঘ ১৪৩০ ব:
১৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৫/০১/২০২৪ থেকে ১৭/০১/২০২৪ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´×১১´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে www.rc.edu.bd/ www.rc.gov.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

## ১। ভর্তির সময়সূচি, প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই ও স্থান :

| প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই এবং ভর্তি | তারিখ | বিষয়ের নাম | সময় | স্থান |
|---|---|---|---|---|
| প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই | ১৬/০১/২০২৪ | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ১ টা পর্যন্ত | শিক্ষক মিলনায়তন |
| ভর্তি | ১৭/০১/২০২৪ | সকল বিষয় | সকাল ৯ টা থেকে বেলা ২ টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ |

## ২। ভর্তি ফিস জমা:

(ক) শিক্ষার্থীরা প্রাথমিক আবেদনপত্র দাখিলের সময় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত রোল নম্বর রাজশাহী কলেজে ভর্তির জন্য ব্যবহার করতে হবে। ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী ১৫/০১/২০২৪ থেকে ১৭/০১/২০২৪ তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ কর্নার হতে অথবা *https://rc.edu.bd/fees-for-masters-final-admission/* লিংক হতে ফি'এর বাটন চেপে ফি'র পরিমাণ জানা যাবে।

(খ) **DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। |
| খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। | খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। |
| গ) 1 (One) নং Self সিলেক্ট করুন। | গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)। |
| ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। | ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। |
| ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। | ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। |
| চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। | চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। |
| ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। | ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। |
| জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। | জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। |
| ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেট app পদ্ধতিতে (Bill Pay) কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

(গ) ডাচবাংলা মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে **Admission Roll** এর বিপরীতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। এরপর http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters লিংকে গিয়ে **Admission roll** দিয়ে **Next** বাটন ক্লিক করলে ডাউনলোড লিংকসহ ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে **Confirmation Slip** ও **Student Admission Form** ডাউনলোড করতে হবে।

(ঘ) ভর্তিচ্ছু যে সকল শিক্ষার্থী আবেদনের সময় **Admission Roll** ভুল করেছে, তারা MASTERS FINAL APPLICATION বাটন চেপে অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/Masters* লিংকে গিয়ে পুনরায় নতুনভাবে আবেদন করতে হবে এবং **Admission Roll** এর বিপরীতে ফি পরিশোধ করে ভর্তি হবে। এজন্য ভর্তি কমিটির সাথে যোগাযোগ করতে হবে।

**DBBL Help Line- 16216** (তথ্য পাওয়ার প্রয়োজনে)

**বিঃদ্রঃ- একই শিক্ষার্থীর একাধিক আইডি ও রোল নম্বরের জটিলতা এড়াতে প্রথমে অবশ্য ফি পরিশোধ করতে হবে। তারপর *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters* লিংকে গিয়ে রোল নম্বর দিয়ে লগইন করে Admissin Confirmation Slip বের করতে হবে।**

৩। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

ক) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, স্নাতক(পাস)/সম্মান পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি।

খ) স্নাতক(পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের ফটোকপি-১ কপি করে।

গ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী/উপজাতি/প্রতিবন্ধী কোটায় ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সনদপত্রের কপি।

ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

চ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

ছ) **Confirmation Slip, Student Admission Form** ডাউনলোড ও প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে।

৪। **মুক্তিযোদ্ধা (FQ) কোটার ক্ষেত্রে**

ক) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

খ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসির সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্মনিবন্ধনের মূল ও ফটোকপি ;

গ) **মুক্তিযোদ্ধার অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে;**

ঘ) শিক্ষার্থীর জন্মনিবন্ধনের ফটোকপি।

ঙ) গেজেটে কপিতে যে পাতায় মুক্তিযোদ্ধার নাম উল্লেখ রয়েছে তার এক কপি ফটোকপি।

৫। **প্রতিবন্ধী ও অন্যান্য কোটার ক্ষেত্রে**

ক) সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক মুল সনদ ও তার ফটোকপি

৬। **অন্যান্য কোটার ক্ষেত্রে**

(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মুলকপি।

৭। ভর্তির সময় অবশ্যই বিভাগীয় প্রধানকে সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**বিঃদ্রঃ** কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণিতে/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে) দ্বৈত ভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ৮৭ (২৭)

তারিখ ১ মাঘ ১৪৩০ বঃ
১৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।

২। বিভাগীয় প্রধান,............................বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির তথ্য অনলাইনে নিশ্চয়ন এবং প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই এর লক্ষ্যে ১৮/০১/২০২৪ তারিখে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ভর্তি কমিটির নিকট (স্থান: শিক্ষক মিলনায়তন) প্রেরণ করতে হবে। **ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা আগামী ১৮/০১/২০২৪ তারিখ বেলা ২:০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।**

৩। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি ২০২১-২০২২ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।

৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, নিউমার্কেট, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিমিটেড, অলকার মোড়, রাজশাহী।

৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।

৬। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ ১৫/০১/২০২৪
রাজশাহী কলেজ, রাজশাহী
১৫/০১/২০২৪